# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৫৫

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩) শৌচকার্য অবস্থায় কথাবার্তা বলার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من الكلام على الخلاء

আরবী

(صحيح لغيره) عَنْ أَبِيْ سَعِيْدٍ الْخُدرِيْ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: لَا يَتَنَاجَى اثْنَانِ عَلَى غَائِطِهِمَا يَنْظُرُ كُلُّ وَاحِدٍ مِنْهُمَا إِلَى عَوْرَةِ صَاحِبِهِ فَإِنَّ اللَّهَ يَمْقُتُ عَلَى ذَلِكَ.

رواه أبو داود وابن ماجه واللفظ له وابن خزيمة

বাংলা

১৫৫. (সহীহ্ লি গাইরিহী) আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”দু’জন মানুষ যেন একত্রে শৌচকার্যে বসে পরস্পরে গোপনে কথাবার্তা না বলে এবং একজন অপরজনের লজ্জাস্থান না দেখে। কেননা আল্লাহ্ তা ঘৃণা করেন।”

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ১৫, ইবনে মাজাহ্ ৩৪২ ও ইবনে খুযায়মা ১/৩৯)

এ হাদীছের বাক্য ইবনে মাজাহ থেকে চয়ন করা হয়েছে।

ইবনে খুযায়মার বর্ণনা আবু দাউদের মতই। তাঁদের বর্ণনায়ঃ

তিনি বলেন, আমি শুনেছি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে একথা বলতেঃ

لَا يَخْرُجْ الرَّجُلَانِ يَضْرِبَانِ الْغَائِطَ كَاشِفَيْنِ عَنْ عَوْرَاتِهِمَا يَتَحَدَّثَانِ فَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يَمْقُتُ عَلَى ذَلِكَ

”দু’জন লোক যেন শৌচকার্যে বের হয়ে লজ্জাস্থান উন্মুক্ত রেখে পরস্পরের সাথে কথা না বলে। কেননা আল্লাহ্ তা ঘৃণা করেন। (ইবনে খুযায়মা ১/৩৯)”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87915

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন